দৈনিক বাংলা

তারিখ 07 JUL 1987
পৃষ্ঠা ... ৬ ... কলাম ৭ ...

২২শে আষাঢ় ১৩৯৪ বং

010

# ঢাকা বিশ্ববিদ্যালয়

# বিজ্ঞপ্তি

***ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের তালিকাভুক্তি।***

***ফি প্রদানের তারিখ ঃ***

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ্দ্বারা জানানো যাচ্ছে যে কমপক্ষে তিন বছর পূর্বে ফলাফল প্রকাশিত হয়েছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এরূপ সকল গ্র্যাজুয়েট নির্ধারিত রেজিস্ট্রেশন ফি প্রদান করে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের রেজিস্টারে তাঁদের নাম তালিকাভুক্ত করতে পারবেন। ১৯৮৭-৮৮ সেশনে ১৯৭৩ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশের ২০(১)(জে) অনুচ্ছেদের অধীনে রেজিস্টার্ড গ্র্যাজুয়েটদের মধ্য থেকে সিনেটে ২৫ জন প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হবে। ১৯৭৩ সালের ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশের অধীনে প্রথম সংবিধিবলীর ৩৯ ধারার (১) ও (২) উপধারা অনুযায়ী যাঁদের নাম আজীবন রেজিঃ গ্র্যাজুয়েট হিসাবে রেজিস্টারে আছে এবং ৩১শে জুলাই, ১৯৮৭-এর মধ্যে যাঁরা একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য তালিকাভুক্ত হবেন, কেবলমাত্র তাঁরাই নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবেন।

উল্লেখ্য যে, যে সকল রেজিস্টার্ড গ্র্যাজুয়েট নির্বাচনের পূর্ববর্তী ছয় বৎসরকালের মধ্যে অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হয়েছেন বা কোন নীতি বিবর্জিত কার্যকলাপের জন্য দোষী সাব্যস্ত হয়েছেন তাঁরা নির্বাচনে প্রার্থী হতে পারবেন না।

***নির্ধারিত ফি-এর হার নিম্নে দেয়া হল ঃ***

(১) একত্রে তিন শিক্ষাবর্ষের জন্য রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে তালিকাভুক্তি ফি—৭৫.০০ টাকা।

(২) আজীবনের জন্য রেজিস্টার্ড গ্র্যাজুয়েট হিসাবে এককালীন তালিকাভুক্তি ফি—৩০০.০০ টাকা।

নির্ধারিত ফরমে আবেদনপত্র এবং নির্ধারিত ফি ৩১শে জুলাই, ১৯৮৭ তারিখ দুপুর ১টার মধ্যে বৃহস্পতিবার ছাড়া সকল কার্যদিবসে এবং বৃহস্পতিবার ১১টার মধ্যে 'জনতা ব্যাংক' টিএসসি শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয়ে গৃহীত হবে। প্রশাসনিক ভবনের ২০৭ নং কক্ষ এবং জনতা ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা থেকে প্রতি কপি এক টাকা মূল্যে দরখাস্তের ফরম পাওয়া যাবে।

বিঃ দ্রঃ (১) দরখাস্তের সঙ্গে সার্টিফিকেটের সত্যায়িত কপি এবং পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি অবশ্যই জমা দিতে হবে। এই বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট না হলে এবং তিন বছর আগে ডিগ্রি পাস না করে থাকলে দরখাস্ত করার প্রয়োজন নেই।

(২) সংবিধি সংশোধনীর প্রস্তাব সিন্ডিকেট কর্তৃক পুনর্বিবেচিত এবং সিনেট কর্তৃক রেটিফাইড না হওয়া পর্যন্ত বর্তমান নিয়ম চলবে।

প্রশাসনিক ভবন,
ঢাকা বিশ্ববিদ্যালয়
তারিখ ঃ ২রা জুলাই, ১৯৮৭ ইং।

রেজিস্ট্রার,
ঢাকা বিশ্ববিদ্যালয়।

জি—২২৮২